



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শাহজাদপুর সরকারি কলেজ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।



ওয়েব সাইট : www.shahzadpurgovtcollege.com
E-Mail Address : shahzadpur.govt.college@gmail.com
টেলিফোন নম্বর : ০২৫৮৮৮৩৩৪৭৮/০২৫৮৮৮৩৩৫৮৩

একাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি:

তারিখ : ২৯/০১/২০২৩ খ্রি.

অত্র কলেজের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণীর শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের উপবৃত্তি প্রাপ্তির জন্য আবেদন ফরম পূরণ করে পূরণকৃত আবেদন ফরম নিম্নলিখিত কাগজপত্রসহ ১৫/০২/২০২৩ তারিখের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে কলেজ অফিসে প্রধান সহকারীর নিকট জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

যে সকল কাগজপত্র ফরমের সাথে জমা দিতে হবে :

- ১। আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি- ০২ কপি।
- ২। এস.এস.সি/সমমান পরীক্ষা পাসের মূল নম্বরপত্রের ফটোকপি।
- ৩। মেয়র বা কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মাসিক আয়ের প্রত্যয়ন পত্রের ফটোকপি।
- ৪। শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধন (১৭ ডিজিট)- এর ফটোকপি।
- ৫। পিতা-মাতার NID (১০ অথবা ১৭ ডিজিট) ও শিক্ষাগত যোগ্যতার (যদি থাকে) সনদের ফটোকপি।
- ৬। মুক্তিযোদ্ধা সনদের ফটোকপি (যদি থাকে)।
- ৭। আবেদনকারীর পরিবারে কোন সদস্য জন্মগতভাবে বা মানসিকভাবে রোগে ভুগলে তার প্রমাণপত্রের ফটোকপি।
- ৮। আবেদনকারী কোনো দীর্ঘস্থায়ী রোগের কারণে ঔষধ সেবন করলে তার প্রমাণপত্রের ফটোকপি।
- ৯। অভিভাবকের ভিজিডি কার্ড/ভিজিএফ কার্ড/বয়স্কভাতা কার্ড/বিধবাভাতা কার্ড/স্বামী পরিত্যক্তা কার্ড (যদি থাকে) তার প্রমাণপত্রের ফটোকপি।
- ১০। অনলাইন/এজেন্ট ব্যাংক (১৩ থেকে ১৭ ডিজিট)/মোবাইল ব্যাংকিং একাউন্ট (১১ থেকে ১২ ডিজিট) অবশ্যই শিক্ষার্থী/পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খুলতে হবে (কেবলমাত্র পিতা-মাতার অনুপস্থিতিতে অভিভাবকের নামে একাউন্ট খোলা যাবে) এবং সংশ্লিষ্ট হিসাব নম্বরটি জমা দিতে হবে।
- ১১। পিতা-মাতার অবর্তমানে অভিভাবকের NID (১০ অথবা ১৭ ডিজিট) এর ফটোকপি।
- ১২। আবেদনকারী/আবেদনকারীর অভিভাবক প্রতিবন্ধী হলে তার প্রত্যয়ন পত্রের ফটোকপি।

কমিটি কর্তৃক শিক্ষার্থীদের আবেদনের তথ্য যাচাই-বাছাই: ১৬/০২/২০২৩ ও ১৭/০২/২০২৩ তারিখ।

তালিকা প্রকাশ: ১৯/০২/২০২৩ খ্রি. (কলেজ প্রশাসনিক ভবনের নোটিশ বোর্ডে)


অধ্যক্ষ

শাহজাদপুর সরকারি কলেজ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জনাব মোঃ আব্দুর রাজ্জাক, সহযোগী অধ্যাপক, গণিত বিভাগ
ও আহবায়ক, উপবৃত্তি কমিটি, শাহজাদপুর সরকারি কলেজ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ।
- ৩। অফিস নথি।